গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন সংক্রান্ত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: খোরশেদ আলম<br>যুগ্মসচিব (বাজেট ও চীফ ইনোভেশন অফিসার)<br>পরিকল্পনা বিভাগ |
| তারিখ | : | ০৫ জানুয়ারি ২০২৩ |
| সময় | : | বেলা-১১.০০ ঘটিকা |
| স্থান | : | ব্লক-১০, কক্ষ-০৩ ও ০৪, পরিকল্পনা বিভাগ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ ও ইনোভেশন অফিসার) সভাকে জানান, ২০২২-২৩ অর্থবছরে পরিকল্পনা বিভাগের উদ্ভাবন কর্মপরিকল্পনার ০২টি কর্মসম্পাদন ক্ষেত্রের ০৬টি কার্যক্রমের আওতায় ১২টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ০২টি কর্মসম্পাদন সূচক পূর্ণ বাস্তবায়িত হয়েছে। উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কাজ ও সূচকের ওপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.০০ আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| [১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত; | ০৪/০৫/২০২৩ | Project Processing Management (PPM) উদ্ভাবনী ধারণাটি গ্রহণ করা হয়েছে এবং কার্যক্রমটি চলমান রয়েছে। এ বিষয়ে কার্যক্রম বিভাগের প্রতিনিধি জানান যথাসময়ে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারি করা হবে। | Project Processing Management (PPM) উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন সংক্রান্ত প্রশাসনিক আদেশ জারি করতে হবে। | কার্যক্রম বিভাগ পরিকল্পনা কমিশন |
| [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত; | ১৩/১০/২০২২ | ৩০/০৮/২০২২ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এই সূচকটি ইতোমধ্যে অর্জিত হয়েছে। | প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | আইসিটি সেল ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত; | ০৪/০৫/২০২৩ | এ পর্যন্ত মোট ১২টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে নিম্নোক্ত ধারণাটি বাস্তবায়ন হয়নি: 'কর্মকর্তা/কর্মচারীদের আবেদন প্রক্রিয়া/নিষ্পত্তি সহজিকরণ'।<br>উক্ত ধারণাটি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হওয়ার ওপর গুরুত্বারোপ করা হয়।<br>এছাড়া গত ০৭/১২/২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক গাড়ি অধিযাচন এবং বৈদেশিক প্রশিক্ষণে সমতা বিধান ধারণা দু'টি বিষয়ে নিম্নোক্ত অগ্রগতি জানা যায়: ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার | উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হতে হবে। | পরিকল্পনা বিভাগ/ কমিশনের সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা |

| কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | আওতায় সেবা সহজিকরণের লক্ষ্যে ২টি Innovation Idea (১) "গাড়ি অধিযাচন সেবা সহজীকরণ" এবং (২) "বৈদেশিক প্রশিক্ষণে সেবা সহজীকরণ" সরকারি অর্থে ক্রয়কৃত Software ২টি পরিকল্পনা বিভাগের ICT Server এ সচল অবস্থায় সংরক্ষিত আছে এবং ডাটা এন্ট্রি দেওয়া সম্ভব হচ্ছে। | | |
| [১.৩.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত; | ৮৫% | ১ম ত্রৈমাসিকে ৮৩.৯০% অর্জিত হয়েছে।<br>সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখার প্রতিনিধি-কে ই-নথি বাস্তবায়নে আরও সক্রিয় হওয়ার আহবান জানানো হয়। | ই-নথির ব্যবহার শতভাগ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ/ কমিশনের সকল শাখা/অধিশাখা |
| [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণীত; | ৩১/১০/২০২২ | ৩১/১০/২০২২ তারিখে প্রণীত কর্মপরিকল্পনাটি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এই সূচকটি ইতোমধ্যে অর্জিত হয়েছে। | প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ/ কমিশনের সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা |
| [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত; | ২ | ২৬/১০/২০২২ তারিখে ০১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। লক্ষ্যমাত্রার বিপরীতে অবশিষ্ট কর্মশালাটি আয়োজনের ওপর গুরুত্বারোপ করা হয়। | অবশিষ্ট কর্মশালাটি যথাসময়ে আয়োজন করতে হবে। | কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে); | ৪ | ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। | ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে যথাসময়ে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে। | আইসিটি সেল |
| [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত; | ৪ | ২য় ত্রৈমাসিকে পর্যন্ত ০১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণ শাখার প্রতিনিধি লক্ষ্যমাত্রার বিপরীতে অবশিষ্ট প্রশিক্ষণ ০৩টি যথাসময়ে আয়োজন করবেন মর্মে জানান। | অবশিষ্ট প্রশিক্ষণ ০৩টি যথাসময়ে আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ অধিশাখা |
| [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত; | ৮০% | বরাদ্দ ১২ লক্ষ টাকা। ৬ লক্ষ ৩৩ হাজার টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে। অবশিষ্ট আছে ৫ লক্ষ ৬৭ হাজার টাকা।<br>২য় ত্রৈমাসিক পর্যন্ত ৫২.৭৫% অর্থ ব্যয় হয়েছে। | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় করতে হবে। | কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত; | ১৫/০১/২০২৩ | ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে প্রেরণের ওপর গুরুত্বারোপ করা হয়। | ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করা হবে। | কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |
| [২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত; | ৩১/০১/২০২৩ | বিআইডিএস-কে আগামী ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। | কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |

| কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত; | ৩১/০৫/২০২৩ | দেশের অভ্যন্তরে পরিদর্শনের নিমিত্ত ০২টি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের জন্য নির্বাচন করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করতে হবে। | কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা |

৩.০০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
০৫/০১/২০২৩
(মো: খোরশেদ আলম)
যুগ্মসচিব (বাজেট)
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩২৮.৪৬.০০৫.২২.৩৪

তারিখ: ২১ পৌষ ১৪২৯
০৫ জানুয়ারি ২০২৩

বিতরণ:

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব, (সকল) পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৪. উপসচিব (এপিএ/এসএসআরসি/প্রশিক্ষণ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব/উপপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৭. সিনিয়র সহকারী সচিব (সাধারণ-১/২), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৮. সিনিয়র সহকারী প্রধান, সমন্বয় (জিইডি/কার্যক্রম), পরিকল্পনা কমিশন, ঢাকা
৯. সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
১১. সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা
১২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. যুগ্মসচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. সংশ্লিষ্ট নথি।

০৫/০১/২০২৩
(এ.এস.এম লুৎফুল হাবিব)
গবেষণা কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ
e-mail: ro.pms@plandiv.gov.bd
ফোনঃ ৪৮১১২০৫৮

E:\Innovation\Minutes\স্ব-মূল্যায়ন সভার কার্যবিবরণী.docx